Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

মসজিদ প্রতিষ্ঠার গুরুত্ব

তত্ত্বাবধায়নেঃ

মুফতি: আব্দুল ওয়াহিদ

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

সুমাইয়া জেবিন

রোলঃ 227021953

৩০ নভেম্বর,২০২৪ ইং

Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

মসজিদ প্রতিষ্ঠার গুরুত্ব

এই রিপোর্ট টি ইসলামিক অনলাইন মাদ্রাসার ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজের একটি আনুসাঙ্গিক রিপোর্ট।

তত্ত্বাবধায়নেঃ

মুফতি: আব্দুল ওয়াহিদ

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

সুমাইয়া জেবিন

রোলঃ 227021953

Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, “ মসজিদ প্রতিষ্ঠার গুরুত্ব ” বিষয়ক গবেষণাপত্র টি আমার তত্ত্বাবধানে ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্ট থেকে সুমাইয়া জেবিন, আইডিঃ 227021953 বিচক্ষনতার সাথে সম্পন্ন করেছেন।

(স্বাক্ষর)

তত্ত্বাবধায়নেঃ

মুফতি: আব্দুল ওয়াহিদ
রিসার্চ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

(স্বাক্ষর)

এক্সটারনালঃ

মাও: শারাফাত কারীম
এরাবিক ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

ঘোষণাপত্র

আমি নিম্নস্বাক্ষরকারী এ মর্মে ঘোষণা করছি যে, “ মসজিদ প্রতিষ্ঠার গুরুত্ব ” শিরোনামে এই গবেষণাপত্র ইসলামিক অনলাইন মাদ্রাসার (Islamic Online Madrasah – IOM) ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের মুফতি: আব্দুল ওয়াহিদ উস্তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নির্দেশনায় সম্পন্ন করেছি। অন্য কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে কোন প্রকার ডিগ্রি/ডিপ্লোমা অর্জনের জন্য বা প্রকাশের জন্য গবেষণাপত্র সম্পূর্ণ কিংবা এর অংশবিশেষ উপস্থাপন করা হয়নি।

আমি আরও ঘোষণা করছি যে, এই গবেষণা কর্মটি আমার নিজস্ব মৌলিক রচনা। আমার জানা মতে ইতিপূর্বে আর কোন ব্যক্তি এই শিরোনামে কোন গবেষণাপত্র রচনা করেননি।

(স্বাক্ষর)

তারিখঃ

৩০ নভেম্বর, ২০২৪ ইং

সুমাইয়া জেবিন

আইডিঃ 227021953

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ।

ইসলামিক অনলাইন মাদ্রাসা।

সূচিপত্র

ভূমিকা...5

মসজিদ কি ও মসজিদের পরিচিতি 6

মসজিদের হকসমূহ...7

সর্বপ্রথম নির্মিত মসজিদ 9

মসজিদ নির্মাণের গুরুত্ব...11

সমাজে মসজিদের প্রয়োজনীয়তা 11

মসজিদে যাতায়াত কারীর শ্রেষ্ঠত্ব 13

মসজিদ নির্মাণের ফযীলত...14

মসজিদ নির্মাণ ও আবাদ করা মুমিনদের বৈশিষ্ট্য 16

মসজিদ নির্মাণ রাসূলুল্লাহ (ﷺ)-এর নির্দেশ 16

মসজিদ নির্মাণ হলো সাদাকায়ে জারিয়া 17

জান্নাতে যাওয়ার মাধ্যম..17

মসজিদে গমনের ফযীলত 18

মসজিদে সালাত আদায় করার ফযীলত 24

মসজিদের আদব ও শিষ্টাচার..24

মসজিদ নির্মাণের সাওয়াব মৃত্যুর পরও অব্যাহত থাকে 27

ইসলামে মসজিদের গুরুত্ব..29

মসজিদ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার নির্দেশ...30

মানবিক ও সুস্থ ধারার সমাজ গঠনে মসজিদের ভূমিকা 31

সমাজকে ঐক্যবদ্ধ করতে মসজিদের ভূমিকা 35

শিক্ষা ও জ্ঞান অর্জনে মসজিদের ভূমিকা...36

সামাজিক সেবা ও সহায়তায় মসজিদের ভূমিকা...37

ধর্মীয় উৎসব ও অনুষ্ঠানে মসজিদের ভূমিকা...39

বিশ্বশান্তি ও সহযোগিতায় মসজিদের ভূমিকা...41

উম্মাহর সংকটকালে মসজিদের ভূমিকা...42

বিশ্বের প্রতি মানবিক দৃষ্টিভঙ্গি 43

ইসলামী শরিয়াহ বাস্তবায়নে মসজিদের ভূমিকা...44

ভবিষ্যত প্রজন্মের নৈতিকতা ও চরিত্র গঠনে মসজিদের ভূমিকা.....................................45

উপসংহার 46

ভূমিকা

মুসলিম সভ্যতার কেন্দ্রবিন্দুর নাম মসজিদ। মসজিদ ছাড়া মুসলিম সমাজ কল্পনা করা যায় না। কোনো অঞ্চলে মসজিদ থাকার অর্থ হলো সেখানে মুসলমানদের অস্তিত্ব আছে। মসজিদকে আদর্শ ইসলামী সমাজের হৃৎপিণ্ডও বলা যায়। আল্লাহ তায়ালার কাছে পৃথিবীর সবচেয়ে প্রিয় স্থান মসজিদ:

أَبِي هُرَيْرَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " أَحَبُّ الْبِلاَدِ إِلَى اللَّهِ مَسَاجِدُهَا وَأَبْغَضُ الْبِلاَدِ إِلَى اللَّهِ أَسْوَاقُهَا " .

আবূ হুরায়রাহ (রা.) থেকে বর্ণিত, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তাআলার কাছে সব চাইতে প্রিয় জায়গা হলো মাসজিদসমূহ আর সব চাইতে খারাপ জায়গা হলো বাজারসমূহ। (মুসলিম ৬৭১)

মদিনায় হিজরতের পর রসুলুল্লাহ ﷺ এর ধর্মীয়, সামাজিক ও রাষ্ট্রীয় সকল কর্মকাণ্ড পরিচালিত হতো মসজিদ থেকে। রসুলুল্লাহর ﷺ পদাঙ্ক অনুসরণ করেছেন পরবর্তী খলীফাগণ। মহান আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত ইবাদতগুলোর মধ্যে সালাত হচ্ছে অন্যতম শ্রেষ্ঠ ইবাদত। যা ঈমানের পরে সবচেয়ে গুরুত্বপূর্ণ ও মর্যাদাপূর্ণ। এটা মুমিন ও কাফিরের মাঝে পার্থক্যকারী। আর এ ইবাদত পালনের অন্যতম স্থান হল মসজিদ। প্রত্যেক মুমিন প্রতিদিন কমপক্ষে পাঁচবার মহান আল্লাহর আদেশ পালনার্থে সেখানে সমবেত হয়। এই মসজিদে আসা-যাওয়া ও অবস্থানের অনেক ফযীলত ও নিয়ম-কানূন রয়েছে। সাথে সাথে আল্লাহর ঘর মসজিদ নির্মাণ করা ও আবাদ করাও অনেক ফযীলতপূর্ণ কাজ। মসজিদ শুধু ইবাদত-বন্দেগির জন্য নয়, এটি একটি শিক্ষা প্রতিষ্ঠানও বটে। হাদিসের ভাষ্য অনুযায়ী দুনিয়ার সর্বোৎকৃষ্ট স্থান হলো মসজিদ। ইসলামের যাবতীয় শিক্ষা ও সামাজিক বিষয়াদী থেকে শুরু করে বিভিন্ন বিষয়ে শিক্ষা লাভ করার স্থান হচ্ছে মসজিদ। পবিত্র কোরআনে কারিমেও মসজিদের গুরুত্ব ও মর্যাদার কথা বর্ণিত হয়েছে:

সুরা হাজ্জে নবি ইবরাহিমকে (আ.) মসজিদ নির্মাণ ও রক্ষণাবেক্ষণের নির্দেশ দেওয়ার কথা বর্ণনা করে আল্লাহ তাআ'লা বলেন,

وَ اِذۡ بَوَّاۡنَا لِاِبۡرٰهِیۡمَ مَکَانَ الۡبَیۡتِ اَنۡ لَّا تُشۡرِکۡ بِیۡ شَیۡئًا وَّ طَهِّرۡ بَیۡتِیَ لِلطَّآئِفِیۡنَ وَ الۡقَآئِمِیۡنَ وَ الرُّکَّعِ السُّجُوۡدِ

অর্থ: আর স্মরণ কর, যখন আমি ইবরাহিমকে সে ঘরের (বায়তুল্লাহ) স্থান নির্ধারণ করে দিয়েছিলাম এবং বলেছিলাম, আমার সাথে কাউকে শরিক করবে না এবং আমার ঘরকে পাক সাফ রাখবে তাওয়াফকারী, রুকু-সিজদা ও দাঁড়িয়ে নামাজ আদায়কারীদের জন্য।

সূরা তাওবায় আল্লাহ সুবাহানাহু ওয়াতাআলা মসজিদকে নিজের দিকে সম্পৃক্ত করে মসজিদ নির্মাণ ও আবাদকারীদের নেক বৈশিষ্ট্য বর্ণনা করে বলেন,

اِنَّمَا يَعۡمُرُ مَسٰجِدَ اللّٰهِ مَنۡ اٰمَنَ بِاللّٰهِ وَ الۡيَوۡمِ الۡاٰخِرِ وَ اَقَامَ الصَّلٰوۃَ وَ اٰتَی الزَّکٰوۃَ وَ لَمۡ يَخۡشَ اِلَّا اللّٰهَ فَعَسٰۤی اُولٰٓئِکَ اَنۡ يَّکُوۡنُوۡا مِنَ الۡمُهۡتَدِيۡنَ

অর্থ: একমাত্র তারাই আল্লাহর মসজিদসমূহ আবাদ করবে যারা আল্লাহ ও শেষ দিনের প্রতি ইমান রাখে, নামাজ কায়েম করে, জাকাত প্রদান করে এবং আল্লাহ ছাড়া কাউকে ভয় করে না। আশা করা যায়, তারা হিদায়াতপ্রাপ্তদের অন্তর্ভুক্ত হবে। (সূরা বাকারা: ১৮)

সূরা তাওবায় মসজিদে কুবা নির্মাণ ও আবাদকারীদের প্রশংসা করে আল্লাহ তাআ'লা বলেন

لَمَسۡجِدٌ اُسِّسَ عَلَی التَّقۡوٰی مِنۡ,
اَوَّلِ يَوۡمٍ اَحَقُّ اَنۡ تَقُوۡمَ فِيۡهِ فِيۡهِ رِجَالٌ يُّحِبُّوۡنَ اَنۡ يَّتَطَهَّرُوۡا وَ اللّٰهُ يُحِبُّ الۡمُطَّهِّرِيۡنَ

অর্থ: যে মসজিদ প্রথম দিন থেকেই প্রতিষ্ঠিত হয়েছে তাকওয়ার ওপর, তোমার নামাজে দাঁড়ানোর জন্য সেটাই অধিক উপযুক্ত, সেখানে এমন লোক আছে, যারা উত্তমরূপে পবিত্রতা অর্জন করতে ভালবাসে আর আল্লাহ পবিত্রতা অর্জনকারীদের ভালবাসেন। (সূরা তাওবা: ১০৮)

সূরা নুরে আল্লাহ সুবাহানাহু ওয়াতাআলা মসজিদকে মর্যাদায় সমুন্নত করার ও মসজিদে তার নাম স্মরণ করার নির্দেশ দিয়েছেন এবং মসজিদে ইবাদতকারীদের প্রশংসা করেছেন। আল্লাহ বলেন

فِیۡ بُيُوۡتٍ,
اَذِنَ اللّٰهُ اَنۡ تُرۡفَعَ وَ يُذۡکَرَ فِيۡهَا اسۡمُهٗ ۙ يُسَبِّحُ لَهٗ فِيۡهَا بِالۡغُدُوِّ وَ الۡاٰصَالِ رِجَالٌ ۙ لَّا تُلۡهِيۡهِمۡ تِجَارَۃٌ وَّ لَا بَيۡعٌ عَنۡ ذِکۡرِ اللّٰهِ وَ اِقَامِ الصَّلٰوۃِ وَ اِيۡتَآءِ الزَّکٰوۃِ ۪ۙ يَخَافُوۡنَ يَوۡمًا تَتَقَلَّبُ فِيۡهِ الۡقُلُوۡبُ وَ الۡاَبۡصَارُ

অর্থ: যেসব গৃহকে মর্যাদায় সমুন্নত করতে এবং তাতে তাঁর নাম স্মরণ করতে আল্লাহ নির্দেশ দিয়েছেন, সেখানে সকাল ও সন্ধ্যায় তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা করে এমন ব্যক্তিরা যাদেরকে ব্যবসা-বাণিজ্য এবং ক্রয় বিক্রয় আল্লাহর স্মরণ থেকে, নামাজ কায়েম ও জাকাত প্রদান থেকে বিরত রাখেনা, তারা ভয় করে সেই দিনকে যেদিন অন্তর ও দৃষ্টিসমূহ বিপর্যস্ত হয়ে পড়বে। (সূরা নুর: ৩৬, ৩৭)

মসজিদ শুধু আল্লাহর জন্য উল্লেখ করে মসজিদে আল্লাহ ছাড়া অন্য কারো ইবাদত করতে নিষেধ করে আল্লাহ তাআলা বলেন,

وَّ اَنَّ الۡمَسٰجِدَ لِلّٰهِ فَلَا تَدۡعُوۡا مَعَ اللّٰهِ اَحَدًا

অর্থ: নিশ্চয় মসজিদগুলো শুধু আল্লাহর জন্য, কাজেই তোমরা আল্লাহর সাথে অন্য কাউকে ডেকো না। (সুরা জিন: ১৮)

মসজিদ কি ও মসজিদের পরিচিতি

মসজিদ শব্দটি আরবী। কুরআনে মসজিদ শব্দটি মোট ১৭ বার এসেছে। আর 'মাসজিদ' (مسجد) শব্দটি স্থানবাচক শব্দ। যার অর্থ হল- সিজদার স্থান, সালাতের স্থান। আভিধানিক

অর্থে যেখানে বান্দা আল্লাহর ইবাদতের উদ্দেশ্যে সিজদা করে সেটাই মাসজিদ। মাসজিদ শব্দটি নিম্নোক্ত অর্থেও ব্যবহৃত হয়। যেমন-

(১) الجامع (আল-জামে‘) : ঐ মসজিদকে জামে‘ মসজিদ বলা হয় যেখানে মানুষ সপ্তাহের জুম‘আর দিনে যোহরের ওয়াক্তে জুম‘আর ছালাত আদায় করার জন্য একত্রিত হয়।

(২) المصلى (আল-মুছাল্লা) : সালাত অথবা দোয়ার স্থান। ইসলামী শরী‘আতের পরিভাষায় মাসজিদ হ’ল,

،البيوت المبنية للصلاة فيها لله فهي خالصة له سبحانه ولعبادته

‘এমন গৃহ, যা একমাত্র সালাতের জন্য নির্মাণ করা হয়েছে। আর এটা একমাত্র আল্লাহর ও তাঁর ইবাদতের জন্যই নির্দিষ্ট।

মসজিদের হকসমূহ

মসজিদের হক সমূহ হলো আল্লাহর ঘর হিসেবে এর পবিত্রতা, পরিচ্ছন্নতা, সম্মান, এবং ধর্মীয় কার্যকলাপের সঠিক পরিচালনা রক্ষা করা। মসজিদ মুসলমানদের জন্য একত্রিত হওয়ার স্থান, যেখানে তারা আল্লাহর সাথে সম্পর্ক স্থাপন করে, তাই মসজিদের প্রতি শ্রদ্ধা ও সঠিক ব্যবহার করা অপরিহার্য।

মসজিদের হক বা অধিকারগুলোর মধ্যে এমন কিছু অধিকার রয়েছে যা মুসলমানদের অবশ্যই পালন করা উচিত। মসজিদের হক সম্পর্কে কিছু মূল দিক নিচে উল্লেখ করা হলো:

১. মসজিদের সবচেয়ে গুরুত্বপূর্ণ হক হলো সেখানে নিয়মিত সালাত আদায় করা। মুসলমানদের জন্য মসজিদে জামাতে নামাজ পড়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।

পবিত্র কুরআনে বলা হয়েছে,

وَاستَعينوا بِالصَّبرِ وَالصَّلاةِ وَإِنَّها لَكَبيرَةٌ إِلّا عَلَى الخاشِعينَ

অর্থ: আর তোমরা ধৈর্য ও সালাতের মাধ্যমে সাহায্য চাও। নিশ্চয় তা বিনয়ী ছাড়া অন্যদের উপর কঠিন। (সূরা বাকারাহ:৪৫)

২. মসজিদের একটি হক হল, এটি পরিষ্কার-পরিচ্ছন্ন এবং শুদ্ধ রাখা। মসজিদ একটি পবিত্র স্থান, যেখানে মুসলমানরা নামাজ পড়তে আসেন। সুতরাং, মসজিদে পরিচ্ছন্নতা বজায় রাখা,

মেঝে ও অন্যান্য স্থানের যত্ন নেওয়া এবং সেখানে কোনো ধ্বংসাত্মক কার্যকলাপ থেকে বিরত থাকা মুসলমানদের ঈমানী কর্তব্য।

আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, নবী করিম (সা.) বলেছেন:
"পবিত্রতা মুসলমানের ধর্মের অঙ্গ এবং আল্লাহর ঘরকে পরিষ্কার রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ।" (সহীহ মুসলিম)

৩. মসজিদের সম্মান রক্ষা করা। মসজিদে অবাধ্য আচরণ, কুৎসিত ভাষা বা অপশব্দ ব্যবহার করা, ঝগড়া বা মারামারি করা, বা কোনোভাবে মসজিদের মর্যাদা ক্ষুণ্ন করা উচিত নয়। মসজিদের সম্মান রক্ষা করা মুসলমানদের জন্য একটি গুরুত্বপূর্ণ হক।

৪. নির্ধারিত নিয়মে ইবাদত করা। মসজিদে নামাজ, কুরআন তিলাওয়াত, দোয়া এবং অন্যান্য ধর্মীয় ইবাদত যথাযথভাবে পালন করতে হবে। মসজিদ একটি স্থান যেখানে আল্লাহর ইবাদত এবং ধর্মীয় শিক্ষা পরিচালিত হয়, তাই মসজিদের হক হলো সেখানে ইসলামি বিধি অনুযায়ী ইবাদত করা। মসজিদে অতিরিক্ত দুনিয়াবি কাজ করা বা বিকৃত আচরণ করা মসজিদের হককে লঙ্ঘন করে।

৫. মসজিদে শান্তি প্রতিষ্ঠা করা। মসজিদের মধ্যে শান্তি ও সম্প্রীতি বজায় রাখা মসজিদের একটি হক। মসজিদ হল সেই স্থান যেখানে মুসলমানরা একত্রিত হয়ে নিজেদের ধর্মীয় ইবাদত পালন করেন, একে অপরের সাথে সম্পর্ক গড়ে তোলেন এবং শান্তি প্রতিষ্ঠা করেন।

৬. মসজিদে অতিরিক্ত ও অহেতুক আড্ডা বা ঝগড়া করা থেকে বিরত থাকা। মসজিদে যাওয়ার উদ্দেশ্য একমাত্র আল্লাহর ইবাদত হওয়া উচিত। মসজিদে অহেতুক আড্ডা বা পরস্পরের মধ্যে ঝগড়া করা মসজিদের হক ক্ষুণ্ণ করে। মসজিদে কোনো ধরনের দুনিয়াবি আলোচনা বা বিরোধিতামূলক কাজ করা উচিত নয়।

৭. মসজিদের প্রতি শ্রদ্ধাশীল হওয়া। মসজিদ একটি পবিত্র স্থান, তাই এর প্রতি সর্বদা শ্রদ্ধাশীল হওয়া উচিত। মসজিদে যাওয়ার সময় ভালোভাবে পবিত্রতা রক্ষা করা, সুন্দরভাবে পোশাক পরা এবং অশ্লীলতা থেকে দূরে থাকা মসজিদের হক।

৮. মসজিদের ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ। মসজিদের হক হলো এর সঠিক ব্যবস্থাপনা এবং রক্ষণাবেক্ষণ করা। মসজিদের অযত্ন বা অবহেলা করা উচিত নয়, কারণ এটি মুসলমানদের ধর্মীয় কেন্দ্র এবং তাদের আধ্যাত্মিক জীবনযাত্রার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সর্বপ্রথম নির্মিত মসজিদ

পৃথিবীর প্রথম মসজিদ হল মক্কায় অবস্থিত মসজিদে হারাম বা বায়তুল্লাহ। মহান আল্লাহ বলেন, إِنَّ أَوَّلَ بَيْتٍ وُضِعَ لِلنَّاسِ لَلَّذِي بِبَكَّةَ مُبَارَكًا وَهُدًى لِلْعَالَمِيْنَ، 'নিশ্চয়ই প্রথম ইবাদতগৃহ, যা মানবজাতির জন্য মক্কায় প্রতিষ্ঠা করা হয়েছে। যা বরকতমন্ডিত এবং বিশ্ববাসীর জন্য পথ প্রদর্শক' (সূরা ইমরান: ৯৬)।

আবূ যার গিফারী (রাঃ) বলেন,

قُلْتُ :يا رَسولَ اللهِ، أَيُّ مَسْجِدٍ وُضِعَ أَوَّلَ؟ قالَ :المَسْجِدُ الحَرامُ .قُلتُ :ثُمَّ أَيٌّ؟ قالَ :ثُمَّ المَسْجِدُ الأقْصى قُلْتُ :كَمْ كانَ بيْنَهُما؟ قالَ :أَرْبَعُونَ، ثُمَّ قالَ :حَيْثُما أَدْرَكَتْكَ الصَّلاةُ فَصَلِّ، والأرْضُ لكَ مَسْجِدٌ،

'আমি বললাম, হে আল্লাহর রাসূল (ﷺ)! সর্বপ্রথম কোন মসজিদটি নির্মাণ করা হয়েছে। তিনি বললেন, মসজিদে হারাম। আমি বললাম, অতঃপর কোনটি? তিনি বললেন, মসজিদে আক্বসা। আমি বললাম, এ দুইয়ের নির্মাণের মাঝখানে ব্যবধান কত? তিনি বললেন, চল্লিশ (বছরের)। (অতঃপর তিনি বললেন), যেখানেই তোমার সালাতের সময় হবে, সেখানেই তুমি ছালাত আদায় করবে। কারণ সম্পূর্ণ পৃথিবীই তোমার জন্য মসজিদ বা সিজদার স্থান'। (বুখারী:৩৪২৫,নাসাঈ:৬৯০)

পৃথিবীর প্রথম মসজিদ আদম (আঃ) সর্বপ্রথম কা'বা ঘর নির্মাণ করেন। পরে ইব্রাহীম (আঃ) স্বীয় পুত্র সন্তান ও তাঁর স্ত্রীকে এই মসজিদের নিকটে রেখে আল্লাহর কাছে এই বলে দোয়া করেন, 'আর যখন ইবরাহীম বলেছিল, হে আমার পালনকর্তা, এ শহর (মক্কা)-কে তুমি শান্তিময় কর এবং আমাকে ও আমার সন্তানদের তুমি মূর্তিপূজা থেকে দূরে রাখ। হে আমার প্রতিপালক! এই মূর্তিগুলো বহু মানুষকে বিপথগামী করেছে। অতএব যে আমার অনুসারী হবে, সে আমার দলভুক্ত। আর যে আমার অবাধ্য হবে, নিশ্চয় তুমি ক্ষমাশীল ও দয়াবান। হে আমাদের প্রতিপালক! আমি আমার এক সন্তানকে তোমার এ পবিত্র (কা'বা) গৃহের সন্নিকটে চাষাবাদহীন উপত্যকায় আবাদ করেছি। হে আমাদের পালনকর্তা যেন তারা ছালাত কায়েম করে। অতএব কিছু মানুষের অন্তরকে তুমি তাদের প্রতি আকৃষ্ট করে দাও এবং তাদেরকে ফল-ফলাদি দ্বারা রূযী দান কর। যাতে তারা কৃতজ্ঞতা প্রকাশ করে' (সূরা ইবরাহীম:৩৫,৩৭)।

পরে আল্লাহর আদেশে ইবরাহীম ও ইসমাঈল (আঃ) কাবা ঘর পুনর্নির্মাণ করেন এবং আল্লাহর কাছে এই বলে দোয়া করেন,

رَبَّنَا تَقَبَّلْ مِنَّا إِنَّكَ أَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ،

‘হে আমাদের পালনকর্তা! আপনি আমাদের পক্ষ হতে এটি কবুল করুন। নিশ্চয়ই আপনি সর্বশ্রোতা ও সর্বজ্ঞ’ (সূরা বাক্বারাহ:১২৭)।

রাসূলুল্লাহ (ﷺ)-এর সময় কাবা ঘরের দেয়ালগুলো নষ্ট হয়ে যায় এবং কাবা ঘর থেকে মূল্যবান মালামাল চুরি হয়ে যায়। তখন কুরাইশরা কাবা ঘর সংস্কারের সিদ্ধান্ত নেয়। রাসূল (ﷺ)-এর বয়স ছিল তখন ৩৫ বছর। কাবা নির্মাণের পর হাজারে আসওয়াদ স্থাপন নিয়ে কুরাইশদের মধ্যে পারস্পরিক দ্বন্দ্ব দেখা দিলে রাসূলুল্লাহ (ﷺ)-এর মধ্যস্ততায় এর সমাধান হয় এবং গোত্রীয় দ্বন্দ্বের অবসান ঘটে। ফলে সকলে রক্তক্ষয়ী সংঘর্ষ থেকে রক্ষা পায়।

হালাল টাকার অভাবে কুরাইশরা কাবাকে ইব্রাহীম (আঃ)-এর মূল ভিত্তির উপর নির্মাণ করতে পারেনি। ফলে হাত্বীমকে কাবার দেয়ালের বাইরে রাখা হয়। রাসূলুল্লাহ (স.)-এর ইচ্ছা থাকা সত্ত্বেও সার্বিক পরিস্থিতির কথা চিন্তা করে এটা থেকে বিরত থাকেন। বর্তমানে এভাবেই কাবা ঘর রয়েছে এবং হাজীগণ হাত্বীমের বাহির দিয়েই তাওয়াফ করেন।

মসজিদ নির্মাণের গুরুত্ব

মসজিদ নির্মাণের গুরুত্ব সম্পর্কে মহান আল্লাহ বলেন-

فِي بُيُوتٍ أَذِنَ اللَّهُ أَنْ تُرْفَعَ وَيُذْكَرَ فِيهَا اسْمُهُ يُسَبِّحُ لَهُ فِيهَا بِالْغُدُوِّ وَالْآصَالِ,

'আল্লাহ তাআলা যেসব গৃহকে সমুন্নত করতে এবং সেগুলোতে তাঁর নাম স্মরণ করতে নির্দেশ দিয়েছেন। সেখানে সকাল ও সন্ধ্যায় তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা করে' *(সূরা আন-নূর:৩৬)*। এখানে গৃহ বলতে মসজিদ আর সমুন্নত করা বলতে নির্মাণ করা ও মর্যাদা প্রদান উদ্দেশ্য।

সমাজে মসজিদের প্রয়োজনীয়তা

সমাজে মসজিদের প্রয়োজনীয়তার অনেক দিক রয়েছে, যা শুধুমাত্র ধর্মীয় জীবন নয়, বরং সামাজিক, আধ্যাত্মিক এবং মানবিক দিক থেকেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। সমাজে মসজিদের প্রয়োজনীয়তা নিচে তুলে ধরা হলো:

নামাজের স্থান: মসজিদ মুসলিমদের জন্য একটি বিশেষ স্থান যেখানে তারা পাঁচ ওয়াক্ত সালাত আদায় করতে পারে। সালাত ইসলামের অন্যতম স্তম্ভ এবং মসজিদ মুসলমানদের একত্রিত হয়ে আল্লাহর প্রতি আধ্যাত্মিক বন্ধনকে দৃঢ় করে।

দ্বীনি শিক্ষা ও ধর্মীয় নির্দেশনা: মসজিদ মুসলিমদের ধর্মীয় শিক্ষার একটি কেন্দ্র। এখানে কোরআন তিলাওয়াত, হাদিস শিক্ষা, ইসলামিক বিষয়ে আলোচনা ও বক্তৃতার মাধ্যমে মুসলমানদের দ্বীনি জ্ঞান বৃদ্ধি পায়। এটি মুসলমানদের জীবন পরিচালনার সঠিক দিশা দেয়।

সামাজিক সংহতি ও ঐক্য: মসজিদে মুসলমানরা একত্রিত হয়ে সালাত আদায় এবং বিভিন্ন ধর্মীয় কাজকর্মে অংশ নেয়, যা মুসলমানদের মধ্যে সামাজিক ঐক্য ও সংহতি সৃষ্টি করে। মসজিদ মুসলিমদের মধ্যে সৌজন্য, সহানুভূতি এবং পারস্পরিক সহযোগিতার মনোভাব গড়ে তোলে।

পরোপকারিতা ও দানশীলতার উৎস: মসজিদগুলো গরীব, অসহায় এবং দুস্থদের জন্য ত্রাণ, খাবার, এবং সাহায্য প্রদান করে। এখানে দানশীলতার উৎস খুঁজে পাওয়া যায়, যেখানে

সমাজের সর্বস্তরের মানুষ পরস্পরের সাহায্য করে, যা সামাজিক অশান্তি দূর করতে সহায়তা করে।

মানবিক মূল্যবোধ ও নৈতিক শিক্ষা: মসজিদ সমাজে নৈতিক শিক্ষার প্রচার করে। মসজিদে মুসলিমরা সৎ জীবনযাপন, পরোপকারিতা, মিথ্যা না বলা, সবার সাথে ভাল ব্যবহার এবং মানবিক মূল্যবোধের শিক্ষা নেয়। এটি একজন মুসলিমের চরিত্র গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

আধ্যাত্মিক শান্তি ও মনস্তাত্ত্বিক উন্নতি: মসজিদে নিয়মিত নামাজ ও ইবাদত মুসলমানদের আধ্যাত্মিক শান্তি দেয়। সংকটের সময়, ব্যক্তিগত যন্ত্রণা বা মানসিক চাপ মোকাবিলা করার জন্য মসজিদ একটি আশ্রয়স্থল হিসেবে কাজ করে, যেখানে মানুষ নিজেদের মধ্যে শান্তি ও প্রশান্তি অনুভব করতে পারে।

প্রাকৃতিক বিপর্যয়ের সময় আশ্রয়: মসজিদ প্রাকৃতিক দুর্যোগ বা সংকটকালীন সময়ে আশ্রয়দানের স্থান হিসেবে ব্যবহৃত হতে পারে। এখানে মানুষ আশ্রয় নিতে পারে এবং সেখান থেকে সাহায্য ও ত্রাণ কার্যক্রম পরিচালিত হতে পারে।

দুনিয়া ও আখিরাতের প্রস্তুতি: মসজিদে অবস্থান করে একজন মুসলিম তার পৃথিবী ও আখিরাতের জন্য প্রস্তুতি নেয়। সালাত, দোয়া এবং অন্যান্য ধর্মীয় কার্যক্রম মসজিদে মুসলমানদের আখিরাতের জন্য প্রস্তুতির অংশ।

এভাবে, মসজিদের প্রয়োজনীয়তা শুধু ধর্মীয় দিক দিয়েই সীমাবদ্ধ নয়, এটি মানুষের সামাজিক, সাংস্কৃতিক, আধ্যাত্মিক এবং মানবিক উন্নতির জন্যও অপরিহার্য। মসজিদ সমাজের অগ্রগতিতে এক অমূল্য ভূমিকা পালন করে এবং মানুষের মধ্যে শান্তি ও কল্যাণ প্রতিষ্ঠায় সাহায্য করে।

মসজিদে যাতায়াত কারীর শ্রেষ্ঠত্ব

উমার ইবনুল খাত্ত্বাব রাযিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

مَنْ بَنَى مَسْجِدًا يُذْكَرُ فِيهِ اسْمُ اللَّهُ بَنَى اللَّهُ لَهُ بَيْتًا فِي الْجَنَّةِ

‘যে ব্যক্তি আল্লাহর নামে যিকিরের জন্য একটি মসজিদ নির্মাণ করে, আল্লাহ তার জন্য জান্নাতে একটি বাড়ি তৈরি করবেন’।

জাবের ইবনে আব্দুল্লাহ রাযিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ‘যে ব্যক্তি আল্লাহর জন্য টিড্ডির ঢিবির ন্যায় বা তার চাইতেও ক্ষুদ্র একটি মসজিদ নির্মাণ করে, আল্লাহ তার জন্য জান্নাতে একটি ঘর তৈরি করবেন’।

উক্ত হাদীসে মসজিদ নির্মাণের প্রতি উৎসাহ দেওয়া হয়েছে। অন্যথা টিড্ডির বাসার ন্যায় ঘরে তো আর সালাত আদায় করা সম্ভব নয়। মসজিদ হতে হবে সাদাসিধে এবং কারুকার্য মুক্ত।

আনাস রাযিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى يَتَبَاهَى النَّاسُ فِي الْمَسَاجِدِ

‘ক্বিয়ামত ততক্ষণ আসবে না, যতক্ষণ না মানুষ মসজিদের সৌন্দর্য ও শোভাবদ্ধন নিয়ে পরস্পর গর্ব করবে’।

মসজিদ নির্মাণের ফযীলত

ইসলামে মসজিদ নির্মাণের অনেক ফযীলত রয়েছে। যেমন-

মসজিদ নির্মাণ নবীদের কাজ : নবীদের অন্যতম কাজ হল মসজিদ নির্মাণ করা ও তা আবাদ করা। যেমন-

১. আদম (আঃ):

কাবা ঘর প্রথম ফেরেশতারা নির্মাণ করেন। অতঃপর আদম (আঃ) তা পুনঃনির্মাণ করেন। কাবা নির্মাণের ৪০ বছর পর আদম (আঃ) অথবা তাঁর কোন সন্তানের দ্বারা বায়তুল মুক্বাদ্দাস নির্মাণ করা হয়।

২. ইবরাহীম ও ইসমাঈল (আঃ):

প্রথম রাসূল নূহ (আঃ)-এর সময় প্লাবনে বায়তুল্লাহর প্রাচীর বিনষ্ট হলেও ভিত্তি আগের মতই থেকে যায়। পরবর্তীতে আল্লাহর হুকুমে একই ভিত্তিতে ইবরাহীম (আঃ) তা পুনঃনির্মাণ করেন। এবং আল্লাহ বলেন,

وَإِذْ بَوَّأْنَا لِإِبْرَاهِيمَ مَكَانَ الْبَيْتِ أَنْ لَا تُشْرِكْ بِي شَيْئًا وَطَهِّرْ بَيْتِيَ لِلطَّائِفِينَ وَالْقَائِمِينَ وَالرُّكَّعِ السُّجُودِ

‘(আর স্মরণ কর) যখন আমরা ইব্রাহীমকে বায়তুল্লাহর স্থান নির্ধারণ করে দিয়ে বলেছিলাম যে, তুমি আমার সাথে কাউকে শরীক করো না এবং আমার এ গৃহকে তাওয়াফকারীদের জন্য, সালাত কায়েমকারীদের জন্য এবং রুকূ-সিজদাকারীদের জন্য পবিত্র রাখ। (সূরা হজ্জ:২৬)। ইবরাহীম (আঃ)-কে কা‘বা ঘর নির্মাণ করতে তাঁর পুত্র ইসমাঈল (আঃ) সার্বিকভাবে সহযোগিতা করেন। আল্লাহ বলেন,

وَإِذْ يَرْفَعُ إِبْرَاهِيمُ الْقَوَاعِدَ مِنَ الْبَيْتِ وَإِسْمَاعِيلُ رَبَّنَا
تَقَبَّلْ مِنَّا إِنَّكَ أَنْتَ السَّمِيعُ الْعَلِيمُ

‘আর স্মরণ কর, যখন ইবরাহীম ও ইসমাঈল বায়তুল্লাহর ভিত্তি উত্তোলন করেছিল, তখন তারা প্রার্থনা করেছিল, হে আমাদের পালনকর্তা! আপনি আমাদের পক্ষ হ’তে এটি কবুল করুন। নিশ্চয়ই আপনি সর্বশ্রোতা ও সর্বজ্ঞ’ (সূরা বাক্বারাহ:১২৭)।

৩.দাউদ (আঃ):

ইয়া‘কূব (আঃ) কর্তৃক বায়তুল মুক্বাদ্দাস নির্মাণের প্রায় হাজার বছর পর দাঊদ (আঃ) পুনরায় তা নির্মাণ শুরু করেন এবং তাঁর পুত্র সুলায়মান (আঃ) এর কাজ সমাপ্ত করেন। আর সুলায়মান (আঃ) জিনদের দ্বারা মসজিদের কাজ সম্পন্ন করেছেন। আল্লাহ বলেন,

فَلَمَّا قَضَيْنَا عَلَيْهِ الْمَوْتَ مَا دَلَّهُمْ عَلَى مَوْتِهِ إِلَّا دَابَّةُ الْأَرْضِ تَأْكُلُ مِنْسَأَتَهُ فَلَمَّا خَرَّ تَبَيَّنَتِ الْجِنُّ أَنْ
لَوْ كَانُوا يَعْلَمُونَ الْغَيْبَ مَا لَبِثُوا فِي الْعَذَابِ الْمُهِيْنِ-

'অতঃপর যখন আমরা সুলায়মানের মৃত্যু ঘটালাম, তখন তার মৃত্যুর খবর জিনদের কেউ জানায়নি ঘুণপোকা ব্যতীত। যারা সুলায়মানের লাঠি খেয়ে যাচ্ছিল। অতঃপর যখন সে মাটিতে পড়ে গেল, তখন জিনেরা বুঝতে পারল যে, যদি তারা অদৃশ্যের জ্ঞান রাখত, তাহলে তারা (বায়তুল মুক্বাদ্দাস নির্মাণের) লাঞ্ছনাকর শাস্তির মধ্যে আবদ্ধ থাকত না। (সূরা সাবা:১৪)।

৪. মুহাম্মদ (ﷺ):

মহানবী (ﷺ) মক্কা থেকে মদীনায় গিয়ে প্রথমে কোবা নামক স্থানে চৌদ্দ দিন অবস্থান করেন এবং সেখানে একটি মসজিদ নির্মাণ করেন। এ মসজিদ সম্পর্কে আল্লাহ বলেন,

لَمَسْجِدٌ أُسِّسَ عَلَى التَّقْوَى مِنْ أَوَّلِ يَوْمٍ أَحَقُّ أَنْ تَقُومَ فِيهِ فِيهِ رِجَالٌ يُحِبُّونَ أَنْ يَتَطَهَّرُوا وَاللهُ يُحِبُّ الْمُطَّهِّرِيْنَ-

'অবশ্যই যে মসজিদ প্রথম দিন থেকে তাক্বওয়ার ভিত্তিতে প্রতিষ্ঠা লাভ করেছে, সেটাই তোমার (সালাতের জন্য) দাঁড়াবার যথাযোগ্য স্থান। সেখানে এমন সব লোক রয়েছে, যারা উত্তমরূপে পরিশুদ্ধ হওয়াকে ভালবাসে। বস্তুতঃ আল্লাহ পবিত্রতা অর্জনকারীদের ভালবাসেন। (সূরা তওবা:১০৮)।

রাসূল (স.) মদীনায় গিয়েও মসজিদে নববী নির্মাণ করেন এবং সাহাবীগণ তার সাথে তাকে সহযোগিতা করেন। আব্দুল্লাহ ইবনু ওমর (রাঃ) হতে বর্ণিত, আল্লাহর রাসূল (ﷺ)-এর সময়ে মসজিদ তৈরী হয় কাঁচা ইট দিয়ে। তার ছাদ ছিল খেজুরের ডালের, খুঁটি ছিল খেজুর গাছের। আবু বকর (রাঃ) এতে কিছু বাড়াননি। অবশ্য ওমর (রাঃ) বাড়িয়েছেন। আর তার ভিত্তি তিনি আল্লাহর রাসূল (ﷺ)-এর যুগে যে ভিত্তি ছিল তার উপর কাঁচা ইট ও খেজুরের ডাল দিয়ে নির্মাণ করেন। তিনি খুঁটিগুলো পরিবর্তন করে কাঠের (খুঁটি) লাগান। অতঃপর উসমান (রাঃ) তাতে পরিবর্তন সাধন করেন এবং অনেক বৃদ্ধি করেন। তিনি দেয়াল তৈরী করেন নকশী পাথর ও চুন-শুরকি দিয়ে। খুঁটিও দেন নকশা করা পাথরের আর ছাদ বানিয়েছিলেন সেগুন কাঠের'।

মসজিদ নির্মাণ ও আবাদ করা মুমিনদের বৈশিষ্ট্য

নবীদের ন্যায় মুমিনগণও যুগে যুগে বিশ্বের বিভিন্ন প্রান্তে অসংখ্য মসজিদ নির্মাণ করেছেন। আল্লাহ বলেন,

إِنَّمَا يَعْمُرُ مَسَاجِدَ اللهِ مَنْ آمَنَ بِاللهِ وَالْيَوْمِ الْآخِرِ وَأَقَامَ الصَّلَاةَ وَآتَى الزَّكَاةَ وَلَمْ يَخْشَ إِلَّا اللهَ فَعَسَى أُولَئِكَ أَنْ يَكُونُوا مِنَ الْمُهْتَدِيْنَ-

'আল্লাহর মসজিদ সমূহ কেবল তারাই আবাদ করে, যারা আল্লাহ ও বিচার দিবসের উপর বিশ্বাস স্থাপন করে। যারা সালাত কায়েম করে ও যাকাত প্রদান করে এবং আল্লাহ ব্যতীত অন্য কাউকে ভয় করে না। নিশ্চয়ই তারা সুপথ প্রাপ্তদের অন্তর্ভুক্ত হবে' (সূরা তওবা:১৮)।

মসজিদ নির্মাণ রাসূলুল্লাহ (ﷺ)-এর নির্দেশ

রাসূলুল্লাহ (ﷺ) নিজে মসজিদ নির্মাণ করেছেন এবং ক্বিয়ামত পর্যন্ত আগত সকল উম্মতকে মসজিদ নির্মাণের নির্দেশ দিয়েছেন। আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন,

أَمَرَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم بِبِنَاءِ الْمَسَاجِدِ فِى الدُّورِ وَأَنْ تُنَظَّفَ وَتُطَيَّبَ.

'রাসূলুল্লাহ (ﷺ) পাড়ায় পাড়ায় মসজিদ নির্মাণ করতে, তা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে এবং সুবাসিত করতে হুকুম দিয়েছেন।

মসজিদ নির্মাণ হলো সাদাকায়ে জারিয়া

আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন,

إِنَّ مِمَّا يَلْحَقُ الْمُؤْمِنَ مِنْ عَمَلِه وَحَسَنَاتِه بَعْدَ مَوْتِه عِلْمًا عَلَّمَه وَنَشَرَه وَوَلَدًا صَالِحًا تَرَكَه أَوْ مُصْحَفًا وَرَّثَه أَوْ مَسْجِدًا بَنَاهُ أَوْ بَيْتًا لِابْنِ السَّبِيلِ بَنَاهُ أَوْ نَهْرًا أَجْرَاهُ أَوْ صَدَقَةً أَخْرَجَهَا مِنْ مَالِه فِي صِحَّتِه وَحَيَاتِه تَلْحَقُه مِنْ بَعْدِ مَوْتِه-

'মুমিনের মৃত্যুর পরও তার যেসব নেক আমল ও নেক কাজের সাওয়াব তার নিকট পৌঁছাতে থাকবে, তার মধ্যে- (১) ইলম বা জ্ঞান যা সে শিখেছে এবং প্রচার করেছে (২) নেক সন্তান যাকে সে দুনিয়ায় রেখে গেছে (৩) কুরআন যা সে উত্তরাধিকারীদের জন্য রেখে গেছে (৪) মসজিদ যা সে নির্মাণ করে গেছে (৫) মুসাফিরখানা যা সে পথিক মুসাফিরদের জন্য নির্মাণ করে গেছে (৬) কূপ, যা সে খনন করে গেছে মানুষের পানি পানের জন্য এবং (৭) দান-খয়রাত, যা সুস্থ ও জীবিতাস্থায় তার ধন-সম্পদ থেকে দান করে গেছে। মৃত্যুর পর এসব কাজের ছওয়াব তার নিকট পৌঁছতে থাকবে'। (ইবনে মাজাহ ২৪২)

জান্নাতে যাওয়ার মাধ্যম

জান্নাতে যাওয়ার অন্যতম মাধ্যম হল মসজিদ নির্মাণ করা। রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন,

مَنْ بَنَى مَسْجِدًا لِلَّهِ ، بَنَى اللهُ لَهُ بَيْتًا فِى الْجَنَّةِ.

'যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে মসজিদ নির্মাণ করে আল্লাহ তা'আলা তার জন্য জান্নাতে একটি ঘর নির্মাণ করে দেবেন'। (সহীহ বুখারী: ৪৫০) মসজিদ ছোট হোক বা বড় হোক নিয়ত ঠিক থাকলে আল্লাহ তার জন্য জান্নাতে ঘর নির্মাণ করবেন। যদিও সেটা পাখির বাসার মত ছোট হয়।

মসজিদে গমনের ফযীলত

মসজিদ নির্মাণের পর মুমিনদের দায়িত্ব হল মসজিদে গমন করে মসজিদের হকগুলো আদায় করা। মসজিদ গমনের অনেক ফযীলত রয়েছে। যেমন-

১.সাওয়াব লাভ, গোনাহ মাফ ও মর্যাদা বৃদ্ধি:

মসজিদে গমনের বিনিময়ে আল্লাহ তাঁর বান্দাকে উত্তম প্রতিদান দেন, গোনাহ মাফ করেন এবং তার মর্যাদা বৃদ্ধি করেন। আব্দুল্লাহ ইবনু মাসঊদ (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন,

وَما مِن رَجُلٍ يَتَطَهَّرُ فيُحْسِنُ الطُّهُورَ، ثُمَّ يَعْمِدُ إلى مَسْجِدٍ مِن هذِه المَساجِدِ، إلّا كَتَبَ اللهُ له بكُلِّ خَطْوَةٍ يَخْطُوها حَسَنَةً، وَيَرْفَعُهُ بها دَرَجَةً، وَيَحُطُّ عنْه بها سَيِّئَةً، وَلقَدْ رَأَيْتُنا وَما يَتَخَلَّفُ عَنْها إلّا مُنافِقٌ مَعْلُومُ النِّفاقِ، وَلقَدْ كانَ الرَّجُلُ يُؤْتى به يُهادى بيْنَ الرَّجُلَيْنِ حتّى يُقامَ في الصَّفِّ.

কেউ যদি অতি উত্তমভাবে পবিত্রতা অর্জন করে তারপর (সালাত আদায় করার জন্য) কোন একটি মসজিদে উপস্থিত হয়, তাহলে মসজিদে যেতে সে যতবার পদক্ষেপ ফেলবে তার প্রতিটি পদক্ষেপের পরিবর্তে আল্লাহ তাআ'লা তার জন্য একটি নেকী লিখে দেন, তার মর্যাদা বৃদ্ধি করে দেন এবং একটি করে পাপ দূর করে দেন।

(আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) বলেন) আমরা মনে করি, যার মুনাফিকী সর্বজনবিদিত এমন মুনাফিক ছাড়া কেউই জামা'আতে সালাত আদায় করা ছেড়ে দেয় না। অথচ রাসূলুল্লাহ (ﷺ)-এর যামানায় এমন ব্যক্তি জামা'আতে উপস্থিত হত যাকে দু'জন মানুষের কাধেঁ ভর দিয়ে এসে সালাতের কাতারে দাঁড় করিয়ে দেওয়া হত'।(সহীহ মুসলিম:১৩৭৪)

অন্যত্র রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন,

أَلاَ أَدُلُّكُمْ عَلَى مَا يَمْحُو اللهُ بِهِ الْخَطَايَا وَيَرْفَعُ بِهِ الدَّرَجَاتِ. قَالُوا بَلَى يَا رَسُولَ اللهِ. قَالَ إِسْبَاغُ الْوُضُوءِ عَلَى الْمَكَارِهِ وَكَثْرَةُ الْخُطَا إِلَى الْمَسَاجِدِ وَانْتِظَارُ الصَّلاَةِ بَعْدَ الصَّلاَةِ فَذَلِكُمُ الرِّبَاطُ-

'আমি কি তোমাদের সে জিনিসটির খবর দেব না যার সাহায্যে আল্লাহ গোনাহ মুছে দেন এবং যার মাধ্যমে তোমাদের মর্যাদা উন্নত হয়? সাহাবিরা বললেন, হ্যাঁ, ইয়া রাসূলাল্লাহ! তিনি বলেন, 'কঠিন সময়ে পরিপূর্ণভাবে ওযূ করা, মসজিদের দিকে অধিক গমন করা এবং এক সালাতের পর আরেক সালাতের জন্য অপেক্ষা করা। এটাই তোমাদের (আল্লাহর রাস্তায়) পাহারা দেওয়া'। (রিয়াদুস সলেহিন:১০৩৭)

বনু সালিমা গোত্রের লোকেরা মসজিদে নববীর কাছে আসতে চাইলে রাসূলুল্লাহ্ (ﷺ) তাদেরকে উদ্দেশ্যে করে বলেন, 'তোমাদের জায়গাতেই তোমরা থাক। তোমাদের আমলনামায় তোমাদের পায়ের চিহ্নগুলো লেখা হবে। এ কথাটি তিনি দু'বার বললেন।(সহীহ বুখারী:৬৫৫)

অন্যত্র রাসূলুল্লাহ (স.) বলেছেন,

مَن تَوَضَّأَ لِلصَّلاةِ فأَسْبَغَ الوُضُوءَ، ثُمَّ مَشى إلى الصَّلاةِ المَكْتُوبَةِ، فَصَلّاها مع النّاسِ، أَوْ مع الجَماعَةِ، أَوْ في المَسْجِدِ غَفَرَ اللَّهُ له ذُنُوبَهُ-

'যে ব্যক্তি সালাতের জন্য পূর্ণরূপে ওযূ করল, তারপর ফরয সালাতের উদ্দেশ্যে রওয়ানা হলো এবং মানুষের সাথে তা আদায় করল। অথবা তিনি বলেছেন, জামা'আতের সাথে অথবা বলেছেন, মসজিদে, আল্লাহ তা'আলা তার পাপসমূহ ক্ষমা করে দিবেন'।

২.হজ্জের সমান সাওয়াব:

জামা'আতে সালাত আদায়কারীকে রাসূল (ﷺ) হজ্জকারীর ন্যায় মর্যাদাবান করেছেন। রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন,

مَنْ خَرَجَ مِنْ بَيْتِهِ مُتَطَهِّرًا إِلَى صَلاَةٍ مَكْتُوبَةٍ فَأَجْرُهُ كَأَجْرِ الْحَاجِّ الْمُحْرِمِ وَمَنْ خَرَجَ إِلَى تَسْبِيحِ الضُّحَى لاَ يُنْصِبُهُ إِلاَّ إِيَّاهُ فَأَجْرُهُ كَأَجْرِ الْمُعْتَمِرِ وَصَلاَةٌ عَلَى أَثَرِ صَلاَةٍ لاَ لَغْوَ بَيْنَهُمَا كِتَابٌ فِي عِلِّيِّينَ

'যে ব্যক্তি ফরয সালাতের জন্য ওযূ করে নিজ ঘর থেকে বের হবে, সে একজন ইহরাম পরিধানকারী হাজীর সমান সাওয়াব পাবে। আর যে ব্যক্তি শুধু চাশতের ছালাত আদায় করার জন্যই বের হবে, সে একজন ওমরাহকারীর সমান সাওয়াব পাবে। আর যে ব্যক্তি এক ওয়াক্ত সালাত আদায়ের পর থেকে আরেক ওয়াক্ত সালাত আদায়ের মধ্যবর্তী সময়ে কোন বাজে কথা বা কাজ করবে না, তার নাম ইল্লিয়্যূন-এ লিপিবদ্ধ করা হবে'। (আবূ দাঊদ:৫৫৮)

৩.আল্লাহর পক্ষ থেকে নিরাপত্তা লাভ:

আবূ উমামা বাহিলী (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন,

ثلاثةٌ كلُّهم ضامنٌ على اللهِ عزَّ وجلَّ رجلٌ خرج غازيًا في سبيلِ اللهِ فهو ضامنٌ على اللهِ حتى يتوفَّاه فيدخلُه الجنَّةَ أو يردُّه بما نال من أجرٍ وغنيمةٍ ورجلٌ راحَ إلى المسجدِ فهو ضامنٌ على اللهِ حتى يتوفَّاه فيدخلُه الجنَّةَ أو يردُّه بما نال من أجرٍ وغنيمةٍ ورجلٌ دخل بيتَه بسلامٍ فهو ضامنٌ على اللهِ عزَّ وجلَّ-

‘তিন প্রকার লোকের প্রত্যেকেই মহান আল্লাহর দায়িত্বে থাকে।
১. যে ব্যক্তি মহান আল্লাহর পথে জিহাদের জন্য বের হয়, তার মৃত্যু পর্যন্ত আল্লাহ তার যিম্মাদার। অতঃপর আল্লাহ তাকে জান্নাতে প্রবেশ করাবেন কিংবা তাকে নিরাপদে তার নেকী ও গনীমতসহ তার বাড়িতে ফিরিয়ে দেবেন।
২. যে ব্যক্তি মসজিদে যায়, আল্লাহ তার যিম্মাদার। এমনকি তার মৃত্যুর পর আল্লাহ তাকে জান্নাতে প্রবেশ করাবেন কিংবা তাকে নিরাপদে তার নেকী ও গনীমতসহ তার বাড়িতে ফিরিয়ে আনবেন।
৩. যে ব্যক্তি ঘরে প্রবেশ করে সালাম দিয়ে, আল্লাহ তার যিম্মাদার’।(আবূ দাঊদ:২৪৯৪)

৪.আল্লাহ সম্মান করেন:

মসজিদে আগমনকারীকে আল্লাহ নিজেই সম্মান করেন। সালমান (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন-

،مَنْ تَوَضَّأَ فِي بَيتِهِ ثُمَّ أَتَى الْمَسْجِدَ فَهُوَ زَائِرٌ لِلهِ ‘وَحَقٌّ عَلَى الْمَزُوْرِ أَنْ يُكْرِمَ الزَّائِرَ,

‘যে ব্যক্তি স্বীয় বাড়িতে ওযূ করে তারপর মসজিদে আগমন করে, সে আল্লাহর যিয়ারতকারী। যার যিয়ারত করা হয় তার উপর ওয়াজিব হল, যিয়ারতকারীর সম্মান করা’।

৫.জিহাদে অংশগ্রহণকারীর মত ছওয়াব পাবে:

আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন-

،مَنْ جَاءَ مَسْجِدِى هَذَا لَمْ يَأْتِهِ إِلاَّ لِخَيْرٍ يَتَعَلَّمُهُ أَوْ يُعَلِّمُهُ فَهُوَ بِمَنْزِلَةِ الْمُجَاهِدِ فِى سَبِيلِ اللهِ ,

‘যে আমার এ মসজিদে আসে এবং শুধু ভালো কাজের উদ্দেশ্যেই আসে, হয় সে ইলম শিক্ষা দেয় অথবা নিজে শিখে, সে আল্লাহর পথে জিহাদে অংশগ্রহণকারীর সমতুল্য’।

৬.ক্বিয়ামতের দিন আলো হবে:

সালাতের উদ্দেশ্যে মসজিদ গমন করার অন্যতম ফযীলত হল ক্বিয়ামতের দিন মসজিদে গমনকারীর জন্য আলোকময় হবে। আনাস বিন মালেক (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন-
،بَشِّرِ الْمَشَّائِينَ فِي الظُّلَمِ إِلَى الْمَسَاجِدِ بِالنُّورِ التَّامِّ يَوْمَ الْقِيَامَةِ,

‘যারা অন্ধকার রাতে মসজিদে যাতায়াত করে তাদেরকে কিয়ামতের দিন পূর্ণজ্যোতির সুসংবাদ দাও’।

অন্যত্র রাসূল (ﷺ) বলেন-

إنَّ اللهَ لَيُضيءُ لِلَّذينَ يتخلَّلونَ إلى المساجدِ في الظُّلَمِ بنورٍ ساطعٍ يومَ القيامةِ,

‘নিশ্চয়ই আল্লাহ কিয়ামতের দিন ঐ ব্যক্তিদের জন্য উজ্জ্বল আলোর ব্যবস্থা করবেন যারা অন্ধকারে মসজিদে গমন করে’।

৭.আরশের নিচে স্থান লাভ :

আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত,

আল্লাহর রাসূল (স.) বলেছেন, ‘আল্লাহ তা‘আলা সাত ব্যক্তিকে সেই দিনে তাঁর (আরশের) ছায়া দান করবেন, যেদিন তাঁর ছায়া ব্যতীত আর কোন ছায়া থাকবে না। (তারা হল,) ন্যায়পরায়ণ নেতা, সেই যুবক যার যৌবন আল্লাহ তা‘আলার ইবাদতে অতিবাহিত হয়েছে, সেই ব্যক্তি যার অন্তর মসজিদ সমূহের সাথে লটকে থাকে (মসজিদের প্রতি তার মন সদা আকৃষ্ট থাকে)। সেই দুই ব্যক্তি যারা আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে ভালবাসা স্থাপন করে; যারা এই ভালবাসার উপর মিলিত হয় এবং এই ভালবাসার উপরেই চিরবিচ্ছিন্ন হয় (তাদের মৃত্যু)। সেই ব্যক্তি যাকে কোন বংশীয়া ও সুন্দরী নারী (অবৈধ যৌন-মিলনের উদ্দেশ্যে) আহবান করে, কিন্তু সে বলে, আমি আল্লাহকে ভয় করি। সেই ব্যক্তি যে দান করে গোপন করে। এমনকি তার ডান হাত যা প্রদান করে, তা তার বাম হাত পর্যন্তও জানতে পারে না। আর সেই ব্যক্তি যে নির্জনে আল্লাহকে স্মরণ করে, ফলে তার উভয় চোখে অশ্রু বয়ে যায়’। (সহীহ বুখারী:৬৬০)

৮.জান্নাতে মেহমানদারীর ব্যবস্থা:

আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ (ﷺ) বলেছেন,

،مَن غَدا إلى المَسْجِدِ وَرَاحَ، أعَدَّ اللهُ له نُزُلَهُ مِنَ الجَنَّةِ كُلَّما غَدا أوْ راحَ

‘যে ব্যক্তি সকাল ও বিকাল মসজিদে যাবে, আল্লাহ্ তা‘আলা তার প্রত্যেকবার যাতায়াতের জন্য জান্নাতে একটি মেহমানদারীর ব্যবস্থা করে রাখবেন। চাই সে সকালে যাক বা সন্ধ্যায়’। (সহীহ বুখারী:৬৬২)

৯.ফেরেশতা কর্তৃক ক্ষমা প্রার্থনা:

আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ (ﷺ) বলেছেন,

صَلاَةُ الرَّجُلِ فِى الْجَمَاعَةِ تُضَعَّفُ عَلَى صَلاَتِهِ فِى بَيْتِهِ وَفِى سُوقِهِ خَمْسًا وَعِشْرِينَ ضِعْفًا، وَذَلِكَ أَنَّهُ إِذَا تَوَضَّأَ فَأَحْسَنَ الْوُضُوءَ، ثُمَّ خَرَجَ إِلَى الْمَسْجِدِ لاَ يُخْرِجُهُ إِلاَّ الصَّلاَةُ، لَمْ يَخْطُ خَطْوَةً إِلاَّ رُفِعَتْ لَهُ بِهَا دَرَجَةٌ، وَحُطَّ عَنْهُ بِهَا خَطِيئَةٌ، فَإِذَا صَلَّى لَمْ تَزَلِ الْمَلاَئِكَةُ تُصَلِّى عَلَيْهِ مَا دَامَ فِى مُصَلاَّهُ اللَّهُمَّ صَلِّ عَلَيْهِ، اللَّهُمَّ ارْحَمْهُ .وَلاَ يَزَالُ أَحَدُكُمْ فِى صَلاَةٍ مَا انْتَظَرَ الصَّلاَةَ.

‘ঘরে অথবা বাজারে সালাত আদায় করার চেয়ে মসজিদে জামা‘আতের সাথে সালাত আদায় করার সাওয়াব পঁচিশ গুণ বেশী। কারণ কোন ব্যক্তি ভালো করে ওযূ করে কেবল সালাত আদায় করার জন্যই মসজিদে আসে। তার প্রতি কদমের বিনিময়ে একটি মর্যাদা বৃদ্ধি করা হয়, আর একটি গুনাহ মোচন করা হয়। (এভাবে মসজিদে পৌঁছা পর্যন্ত চলতে থাকে)। সালাত আদায় শেষ করে যখন সে মুছল্লায় বসে থাকে, তখন ফেরেশতাগণ অনবরত দোয়া করতে থাকে, হে আল্লাহ! তুমি তার ওপর রহমত বর্ষণ কর।(সহীহ বুখারী:৬৪৭)

অন্য বর্ণানায় এসেছে, ফেরেশতা বলতে থাকে,

اللَّهُمَّ اغْفِرْ لَهُ اللَّهُمَّ تُبْ عَلَيْهِ مَا لَمْ يُؤْذِ فِيهِ مَا لَمْ يُحْدِثْ فِيهِ

‘হে আল্লাহ! এই বান্দাকে ক্ষমা করে দাও। তার তওবাও কবুল কর। এভাবে চলতে থাকে যতক্ষণ পর্যন্ত সে অন্য কোন মুসলিমকে কষ্ট না দেয় বা তার ওযূ ছুটে না যায়’।

১০.জামাত না পেলেও জামাতের সাওয়াব লাভ:

মসজিদে বের হওয়ার অন্যতম ফযীলত হল, কোন কারণে মসজিদে জামা‘আত না পেলেও জামা‘আতের সাওয়াব পাবে। আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন,

مَنْ تَوَضَّأَ فَأَحْسَنَ وُضُوءَهُ ثُمَّ رَاحَ فَوَجَدَ النَّاسَ قَدْ صَلَّوْا أَعْطَاهُ اللهُ جَلَّ وَعَزَّ مِثْلَ أَجْرِ مَنْ صَلاَّهَا وَحَضَرَهَا لاَ يَنْقُصُ ذَلِكَ مِنْ أَجْرِهِمْ شَيْئًا-

‘যে ব্যক্তি উত্তমরূপে ওযূ করল তারপর মসজিদের উদ্দেশ্যে বের হয়ে দেখল লোকজন সালাত শেষ করেছে, আল্লাহ তা‘আলা তার জন্য সালাতে উপস্থিত ব্যক্তিদের সমান সাওয়াব লিখে দেবেন। অথচ তাদের সাওয়াব থেকে কিছুই কমানো হবে না’। (আবূ দাঊদ:৫৬৪)

১১.নিয়ত অনুযায়ী অংশ পাবে:

মসজিদে যে ব্যক্তি যেই নিয়তে আসবে আল্লাহ তাকে তার নিয়ত অনুযায়ীই ফযীলত দিবেন। আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন-

مَنْ أَتَى الْمَسْجِدَ لِشَىْءٍ فَهُوَ حَظُّهُ,

‘যে ব্যক্তি মসজিদে যে কাজের নিয়ত করে আসবে, সে সেই কাজেরই অংশ পাবে’।

১২.হেঁটে জামা‘আতে অংশগ্রহণকারীর সাওয়াব লেখার জন্য ফেরেশতারা প্রতিযোগিতা করে:

عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَتَانِى اللَّيْلَةَ رَبِّى تَبَارَكَ وَتَعَالَى فِى أَحْسَنِ صُورَةٍ قَالَ أَحْسَبُهُ قَالَ فِى الْمَنَامِ ..قَالَ يَا مُحَمَّدُ هَلْ تَدْرِى فِيمَ يَخْتَصِمُ الْمَلأُ الأَعْلَى قُلْتُ نَعَمْ .قَالَ فِى الْكَفَّارَاتِ .وَالْكَفَّارَاتُ الْمُكْثُ فِى الْمَسَاجِدِ بَعْدَ الصَّلَوَاتِ وَالْمَشْىُ عَلَى الأَقْدَامِ إِلَى الْجَمَاعَاتِ وَإِسْبَاغُ الْوُضُوءِ فِى الْمَكَارِهِ وَمَنْ فَعَلَ ذَلِكَ عَاشَ بِخَيْرٍ وَمَاتَ بِخَيْرٍ وَكَانَ مِنْ خَطِيئَتِهِ كَيَوْمَ وَلَدَتْهُ أُمُّهُ.

ইবনে আববাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন, আজ রাতে আমার মহান ও বরকতময় প্রভু সবচেয়ে সুন্দর চেহারায় আমার নিকট এসেছেন। বর্ণনাকারী বলেন, ঘুমের মধ্যে বা স্বপ্নযোগে। তারপর তিনি বললেন, হে মুহাম্মাদ! তুমি কি জান, এ সময় উচ্চতর পরিষদের অধিবাসীরা (অর্থাৎ ফেরেশতাগণ) কি নিয়ে বিবাদ করছে? আমি বললাম, হ্যাঁ, কাফফারাত নিয়ে বিবাদ করছে। কাফফারাত অর্থ: সালাতের পর মসজিদে বসে থাকা, সালাতের জামা‘আতে উপস্থিতির জন্য হেঁটে যাওয়া এবং কষ্টকর সময়েও সুন্দর ও সুচারু রূপে ওযূ করা। যে লোক এসব কাজ করবে সে কল্যাণের মধ্যে বেঁচে থাকবে, কল্যাণের পথে মরবে এবং তার জন্ম দিনের মত গুনাহ হতে পবিত্র হয়ে যাবে’। (তিরমিজি:৩২৩৩)

১৩.জাহান্নাম ও মুনাফিকী থেকে মুক্তি:

আনাস বিন মালিক (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন,

مَنْ صَلَّى لِلَّهِ أَرْبَعِينَ يَوْمًا فِي جَمَاعَةٍ يُدْرِكُ التَّكْبِيرَةَ الأُولَى كُتِبَتْ لَهُ بَرَاءَتَانِ بَرَاءَةٌ مِنَ النَّارِ وَبَرَاءَةٌ مِنَ النِّفَاقِ-

‘কোন ব্যক্তি আল্লাহ তা‘আলার সন্তোষ অর্জনের উদ্দেশ্যে একাধারে চল্লিশ দিন তাকবীরে উলার (প্রথম তাকবীর) সাথে জামা‘আতে সালাত আদায় করতে পারবে তাকে দু’টি নাজাতের ছাড়পত্র দেওয়া হয়। ১. জাহান্নাম হতে নাজাত এবং ২. মুনাফিকী হতে মুক্তি’। (তিরমিজি:২৪১)

মসজিদে সালাত আদায় করার ফযীলত

আবূ হুরায়রা রাযিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'ঘরে বা বাজারে সালাত আদায় করার চেয়ে মসজিদে জামাআতের সাথে সালাত আদায় করার সাওয়াব ২৫ গুণ বেশি। তার কারণ হলো, কোনো ব্যক্তি ভালো করে ওযূ করে শুধু সালাত আদায় করার জন্যই মসজিদে আসে। তার প্রতি ধাপের বিনিময়ে একটা মর্যাদা বেড়ে যায়, আর একটি পাপ মুছে যায়। যখন সে সালাত আদায় করে, ফেরেশতাগণ সর্বদা তার জন্য ততক্ষণ দোয়া করতে থাকে যতক্ষণ সে সালাতে থাকে। ফেরেশতাগণ অনবরত- اَللَّهُمَّ صَلِّ عَلَيْهِ، اللَّهُمَّ ارْحَمْهُ বলতে থাকে। অর্থাৎ হে আল্লাহ! তুমি তাকে ক্ষমা করো, হে আল্লাহ! তুমি তাকে দয়া করো। আর যতক্ষণ পর্যন্ত তোমাদের কেউ সালাতের জন্য অপক্ষো করতে থাকে, সে সময়টা সে ছালাতের মধ্যেই থাকে'। অন্য বর্ণনায় এসেছে, যখন কেউ মসজিদে গেল, আর সালাতের জন্য সেখানে অবস্থান করল, তখন সে সালাতেই রইল'। (সহীহ বুখারী:৬৪৭)

মসজিদ দেখাশোনা বা তত্ত্বাবধায়কের গুণাগুণ সম্পর্কে মহান আল্লাহ বলেন,

إِنَّمَا يَعْمُرُ مَسَاجِدَ اللَّهِ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَأَقَامَ الصَّلَاةَ وَآتَى الزَّكَاةَ وَلَمْ يَخْشَ إِلَّا اللَّهَ فَعَسَى أُولَئِكَ أَنْ يَكُونُوا مِنَ الْمُهْتَدِينَ

'আল্লাহর মসজিদের আবাদ তো তারাই করবে যারা আল্লাহ ও শেষ দিবসের প্রতি ঈমান আনে, সালাত প্রতিষ্ঠা করে, যাকাত আদায় করে এবং আল্লাহ ছাড়া অন্য কাউকে ভয় করে না। আশা করা যায়, তারাই হবে সঠিক পথপ্রাপ্তদের অন্তর্ভুক্ত' *(সূরা তওবা:১৮)*।

মসজিদের আদব ও শিষ্টাচার

রাসূলুল্লাহ (স) বলেছেন, 'যার অন্তর মসজিদের সঙ্গে থাকে সে আরশের ছায়ায় স্থান পাবে।' এই মসজিদে প্রবেশের জন্য যেমন তাকিদ দেওয়া হয়েছে, ঠিক তেমনি মসজিদের আদব রক্ষা করার জন্যও হাদিসে তাকিদ এসেছে। পৃথিবীর কোনো রাজা বাদশাহর দরবারে যেতে হলে যদি পূর্ণ আদব রক্ষা করতে হয় তাহলে যিনি সমস্ত পৃথিবীর বাদশাহ তার দরবারের আদব রক্ষা করা তো আরো বেশি জরুরি। মসজিদে প্রবেশের কিছু আদব ও শিষ্টাচার রয়েছে এগুলো হলো-

১. মসজিদে প্রবেশের সময় প্রথমে বিসমিল্লাহির রহমানির রহিম পড়ে নেওয়া।

২. তারপর রাসুল (স.) এর প্রতি দরুদ শরিফ পড়ে নেওয়া।

৩. অতঃপর মসজিদে প্রবেশের দোয়া পড়া—'আল্লাহুম্মাফতাহলি আবওয়াবা রাহমাতিক'।

৪. মসজিদে ডান পা আগে রাখা।

৫. মসজিদে প্রবেশ করে ইতিকাফের নিয়ত করা।—(ইবনে মাজাহ ও শামী)

৬. অজুসহ পাকপবিত্র অবস্থায় মসজিদে প্রবেশ করা সুন্নত। নাপাক অবস্থায় অথবা পেঁয়াজ-রসুনের মতো দুর্গন্ধযুক্ত কোনো খাবার খেয়ে মসজিদে প্রবেশ করা উচিত নয়। বিড়ি-সিগারেট, গুল-জর্দা, তামাক ও মাদকজাতদ্রব্য খেয়ে মসজিদে প্রবেশ করা মাকরুহ।

৭. মসজিদে ধীর-স্থিরতার সঙ্গে গমন করা উচিত। রাকাত ছুটে যাওয়ার আশঙ্কায় তাড়াহুড়া করে দৌড়িয়ে যাওয়া ঠিক নয়।

রাসুল (স.) ইরশাদ করেন, 'তোমরা নামাজে অবশ্যই ধীর-স্থিরতার সঙ্গে আসবে। যতটুকু পাবে, আদায় করবে। আর যতটুকু ছুটে যাবে, পূর্ণ করবে।' (বুখারি, হাদিস :৬০৯)

৮. মসজিদে প্রবেশকারী দুই রাকাত তাহিয়্যাতুল মসজিদ আদায় ছাড়া বসবে না। রাসুল (স) ইরশাদ করেন, 'তোমাদের কেউ মসজিদে প্রবেশ করলে দুই রাকাত নামাজ আদায় না করে বসবে না।' (বুখারি, হাদিস : ১১১০)।

৯. মসজিদে দুনিয়াবী কথাবার্তা না বলা। সর্বাবস্থায় মনে রাখতে হবে, মসজিদ গল্পের জায়গা নয়, ইবাদতের জায়গা। মসজিদে উচ্চ আওয়াজে পবিত্র কোরআন তেলাওয়াত এবং উচ্চ আওয়াজে জিকির করাও জায়েজ নয়। তবে মসজিদে যদি কোনো ব্যক্তি নামাজ অথবা তাসবীহে লিপ্ত না থাকে তাহলে কিছু ইসলামি বিশেষজ্ঞরা সেটাকে জায়েজ বলেছেন। আবার কিছু ইসলামি বিশেষজ্ঞ সর্বাবস্থায় উচ্চ আওয়াজে জিকির ও তেলাওয়াত করা নাজায়েজ বলেছেন।

বর্তমানে মানুষ মসজিদের আদব পালনের ক্ষেত্রে অনেক অমনোযোগী, অধিকাংশ মানুষ মসজিদে প্রায়ই শোরগোল করে, এতে মসজিদের সম্মান ও মর্যাদার বরখেলাপ হয়। নবি করিম (স.) বলেন, বাজারের হট্টগোল থেকে বেঁচে থাক এবং মসজিদকে দুনিয়াবী কথাবার্তা দ্বারা বাজারের সাদৃশ্য করো না।

